

এসএসসির ফরম পূরণে বাড়তি অর্থ

স্টাফ রিপোর্টার, রংপুর ॥
হাইকোর্টের আদেশ অমান্য করে
রংপুরের কুলুঙলোতে এসএসসি
পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত
অর্থ আদায়ের প্রতিবাদ এবং তা
বন্ধ করার দাবিতে মানববন্ধন ও
সমাবেশ করেছে সমাজতান্ত্রিক
ছাত্র ফ্রন্ট ও অভিভাবকরা।
বৃহস্পতিবার দুপুরে রংপুর
প্রেসক্লাবের সামনে জমায়েত হয়ে
তারা ঘণ্টাব্যাপী মানববন্ধন
সমাবেশ। তারা অতিরিক্ত ফি
আদায় বন্ধ এবং যেসব স্কুলে
অতিরিক্ত ফি নেয়া হয়েছে তা
ফেরত দেয়ারও দাবি জানান।
সেখানে বক্তব্য রাখেন আহসানুল
আরেকিন তিতু, রোকনুজ্জামান
রোকন, অভিভাবক জয়নাল
আবেদীন প্রমুখ।

টেকনাফে নির্দেশ
উপেক্ষা

স্টাফ রিপোর্টার কক্সবাজার থেকে
জানান, শিক্ষা বোর্ডের নির্দেশ

উপেক্ষা করে টেকনাফে
এসএসসি পরীক্ষার ফরম পূরণে
অতিরিক্ত টাকা হাতিয়ে নেয়ার
বিপাকে প্রডুছে দরিদ্র পরিবারের
মেধাবী শিক্ষার্থীরা।
অভিভাবক জানায়, ২০১৬
সালের এসএসসি পরীক্ষার্থীদের
জন্য শিক্ষা বোর্ড ফরম পূরণের
জন্য ১ হাজার ১২৫ টাকা ফি
নির্ধারণ করে দিলেও টেকনাফের
কিছু শিক্ষা প্রতিষ্ঠান ৪ হাজার
৫০ টাকা থেকে ৬ হাজার টাকা
পর্যন্ত আদায় করে চলছে।
টেকনাফ পাইলট উচ্চ বিদ্যালয়ে
এসএসসি শিক্ষার্থীর অভিভাবক
সোহেল জানায়, তার বোনের
জন্য নগদ গুনে দিতে হয়েছে ৪
হাজার ৫শ টাকা।
টেকনাফ উপজেলা মাধ্যমিক
শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব)
নুরুল আবছার জানান, বোর্ডের
নির্ধারিত ফির অতিরিক্ত কোন
প্রতিষ্ঠান টাকা গ্রহণ করার
অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া
হবে।

বিনাইদহে স্কুলে তালা
দিয়ে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা বিনাইদহ
থেকে জানান, হরিণাকুণ্ডতে
এসএসসি পরীক্ষার ফরম পূরণে
বোর্ড নির্ধারিত ফিসের অতিরিক্ত
আদায়ের প্রতিবাদে বিদ্যালয়ে
তালা লাগিয়ে দিয়ে শিক্ষার্থী ও
অভিভাবকরা বিক্ষোভ করেছে।
বৃহস্পতিবার হরিণাকুণ্ড
উপজেলার শাখারিদাহ মাধ্যমিক
বিদ্যালয়ে এ প্রতিবাদ বিক্ষোভের
ঘটনা ঘটে।
জানা গেছে, বৃহস্পতিবার সকাল
সাড়ে ১০টার দিকে শাখারিদাহ
মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ও
তাদের অভিভাবকরা বিদ্যালয়ের
বিভিন্ন কক্ষে তালা লাগিয়ে দিয়ে
এসএসসি পরীক্ষার ফরম পূরণে
সরকার নির্ধারিত ফিসের
অতিরিক্ত আদায়ের প্রতিবাদ
জানায় এবং তারা বিদ্যালয়
প্রাঙ্গণে বিক্ষোভ প্রদর্শন করে।